

া হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২২. আলিমের চেহারার দিকে তাকানো

আলিমদের ফ্যীলতে বানানো অন্য একটি জাল হাদীস:

نَظْرَةٌ إِلَى وَجْهِ الْعَالِمِ أَحَبُّ إِلَى اللهِ مِنْ عِبَادَةِ سِتِّيْنَ سَنَةً صِيَاماً وَقِيَاماً

"আলিমের চেহারার দিকে তাকানো আল্লাহর কাছে ৬০ বছরের সিয়াম (রোযা) ও কিয়াম (তাহাজ্জুদের) ইবাদতের চেয়ে অধিক প্রিয়।"

অন্য জাল হাদীসে বলা হয়েছে:

النَظَرُ إِلَى وَجْهِ الْعَالِمِ عِبَادَةً

''আলিমের চেহারার দিকে তাকানো একটি এবাদত।''

এ দুটি বাক্যের কোনটিই হাদীস নয়। মুহাদ্দিসগণ বাক্য দুটিকে মিথ্যা বা বানোয়াট হাদীস বলে উল্লেখ করেছেন।

ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসিদ, ৪৪২পৃ, মোল্লা কারী, আল আসরার, ২৫৩ পৃ, যারকানী, মুখতাসারুল মাকাসিদ ১৯৬ পৃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4883

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন